-১৩৩-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির (ফেব্রুয়ারি ২০২১ মাসের) সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৪/০২/২০২১
সময় : বেলা ১১.৩০ টা
স্থান ও মাধ্যম : মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম এ্যাপস

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৬/০১/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অত:পর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) ড. মো: সাইফুল ইসলাম কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সভায় অবহিত করা হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সংশোধনীসমূহ যথাযথভাবে অন্তর্ভুক্তির জন্য গত ২১/১২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় সংশোধনীসমূহ কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় ই-নথি/ই-মেইলের কার্যক্রমের বর্তমান অবস্থা দেখে সভাপতি মহোদয় হতাশা প্রকাশ করেন। তিনি বলেন যে, ই-নথি থেকে আমরা অনেক পিছিয়ে যাচ্ছি এ প্রসঙ্গে আইসিটি শাখার প্রতিনিধি বলেন যে, ই নথির সার্ভার এখনও ধীরগতিতে কাজ করছে এটুআই এর সাথে যোগাযোগ করে জানা যায় যে, আগামী এপ্রিল অথবা মে ২০২১ এর মধ্যে ফেজ-২ এর ভার্সন চালু হলে তা সমাধান হবে। সভাপতি মহোদয় বলেন যে, স্ব স্ব অনুবিভাগ প্রধান যেন তাঁর অনুবিভাগের ই-নথি কার্যক্রম জোর মনিটরিং করেন সে ব্যাপারে সভায় নির্দেশনা প্রদান করেন। | দাপ্তরিক কার্যক্রমে নিয়মিত ই-নথি/ই-মেইল ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ক্ষেত্রে অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ জোর মনিটরিং করবেন। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩. | সভাকে অবহিত করা হয় যে, শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় এ পর্যন্ত বিসিআইসি-২৫৩ জন, বিএসএফআইসি-৫৮ জন, বিসিক-২৩৭ জন, এসএমইএফ-৫০ জন, বিআইএম-২৮ জন, বিএসটিআই-২৫ জন, বিটাক-৩২ জন, বয়লার-৭ জন, বিএবি-৫ জনসহ সর্বমোট ৬৯৫ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। সভায় আরও অবহিত করা হয় যে, এনপিও, ডিপিডিটি এবং বিএসইসি এখনও প্রশিক্ষণ দিতে পারেনি। আগামী মাসে প্রশিক্ষণ সম্পন্ন করবে বলে জানান। সভাপতি মহোদয় এ প্রসঙ্গে বলেন এনপিও, ডিপিডিটি এবং বিএসইসি যেন অতিদ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করেন সে ব্যাপারে তাদেরকে পত্র দেয়ার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। | এনপিও, ডিপিডিটি এবং বিএসইসি আইএপি প্রণয়নের বিষয়ে প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করার জন্য তাদেরকে পত্র দিতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |
| ৪. | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ প্রতিমাসে মাসিক সভায় আইএপি পর্যালোচনা করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার ২০২০-২১ অর্থবছরের ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনা (Individual Action Plan-IAP) যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ এবং দপ্তর/সংস্থা প্রধানগণ তার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রতিমাসের সভায় অগ্রগতি আলোচনা করবেন। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭.০৩.২১

(কে এম আলী আজম)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়

৭